

০৬/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ফরিদপুর সদর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য-বিবরণী

সভাপতি : জনাব ফরিদা ইয়াসমিন  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।

স্থান : উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।

তারিখ : ০৬/১২/২০২১ খ্রি.

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা :

- ০১। জনাব খন্দকার ইফতেখার মোহাম্মদ (ইফু), চেয়ারম্যান, কৈজুরী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০২। জনাব শামসুন নাহার মুহিত, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৩। জনাব আবু সাঈদ চৌধুরী বারী, চেয়ারম্যান, অম্বিকাপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৪। জনাব ফকির মো: বেলায়েত হোসেন, চেয়ারম্যান, কানাইপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৫। জনাব মেহেদী হাসান মিন্টু, চেয়ারম্যান, ডিক্রিরচর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।

উপজেলা শিক্ষা অফিসার মহোদয় উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির গত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান এবং তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আলোচ্য সূচী	আলোচনা	প্রস্তাবিত সিদ্ধান্ত/সুপারিশ	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি/ বাজেটের উৎস
১	ফরিদপুর সদর উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিশু জরিপ ও ছাত্র/ছাত্রী ভর্তি সম্পর্কে আলোচনা।	অধ্যকার সভায় উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর জানান যে, অত্র উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ার শিশু জরিপ ও নিজ নিজ বিদ্যালয়ে ছাত্র/ছাত্রী ভর্তি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	ফরিদপুর সদর উপজেলার ১৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ার শিশু জরিপ নির্ধারিত সময়ে সম্পন্ন বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া নিজ নিজ বিদ্যালয়ে শতভাগ শিক্ষার্থী ভর্তি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	স্ব-স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকবৃন্দ।
২	অত্র উপজেলার ১৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ঝরে পড়া সংক্রান্ত।	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় ১৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ঝরে পড়ার হার রোধ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়।	উপস্থিত সকল সদস্যবৃন্দ উল্লিখিত ঝরে পড়া রোধ কল্পে এস.এম.সির সভাপতি, সদস্যবৃন্দ, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদেরকে অবগত করা হয় যে, তারা যেন মা সমাবেশ, উঠান বৈঠকের মাধ্যমে অভিভাবকদের সচেতন করে তোলে যাতে শতভাগ শিক্ষার্থী বিদ্যালয়ে গমন করে। উক্ত বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ, প্রধান শিক্ষক, এস.এম.সির সদস্যবৃন্দ ও সহকারী শিক্ষকবৃন্দ।
৩	বই বিতরণ- ২০২২ বিষয়ে আলোচনা।	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার সরকারি, বেসরকারি, এনজিও ও কিন্ডার গার্টেন বিদ্যালয় গুলোতে প্রাক-প্রাথমিক শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত ২০২২ সালের নতুন বই বিতরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	উপস্থিত সকল সদস্যবৃন্দ সকল সরকারি, বেসরকারি, এনজিও ও কিন্ডার গার্টেন বিদ্যালয় গুলোতে প্রাক-প্রাথমিক শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত ২০২২ সালের নতুন বই বিনামূল্যে স্বাস্থ্য বিধি মেনে বিতরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ, প্রধান শিক্ষক, এস.এম.সির সদস্যবৃন্দ ও সহকারী শিক্ষকবৃন্দ।

8	শিখন ঘাটতি বিষয়ে আলোচনা।	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে করোনা কালীন সময়ে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিখন ঘাটতি দেখা দিয়েছে। এই শিখন ঘাটতি পূরণের লক্ষ্যে বিশদ আলোচনা করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার উপস্থিত সকল সদস্যবৃন্দকে অবগত করেন যে, শিক্ষকরা শিক্ষার্থীদের শিখন ঘাটতি চিহ্নিত করে ঘাটতি অনুযায়ী পাঠদানের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকবৃন্দ।
---	---------------------------	---	--	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০২১

(ফরিদা ইয়াসমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
ফরিদপুর সদর, ফরিদপুর।

ও

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা কমিটি  
ফরিদপুর সদর, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৩। জনাব ..... প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৪। সংরক্ষণ নথি।



উপজেলা শিক্ষা অফিসার  
ফরিদপুর সদর, ফরিদপুর।

ও

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা কমিটি  
ফরিদপুর সদর, ফরিদপুর।